ডাক (৫১৪) | অফিস ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.০৯.০০৬.১৯.৩০ তারিখ: ১১ মাঘ ১৪২৮
২৫ জানুয়ারি ২০২২

বিষয়: **একাদশ জাতীয় সংসদের 'স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির' ১৯তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদের 'স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'-এর ১৯তম বৈঠকের কার্যবিবরণী এসাথে প্রেরণ করা হলো। তাঁর অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী **০২.০২.২০২২ তারিখের** মধ্যে ই-ফাইল/ই-মেইলযোগে (Nikosh Font-এ admin3@ssd.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১৯তম সভার কার্যবিবরণী (684/potrojariAttachmentRef/65676/0/4289)।

২৫-১-২০২২
মোঃ আবদুল কাদির
উপসচিব
ইমেইল: admin3@ssd.gov.bd

অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.০৯.০০৬.১৯.৩০/১(৬) তারিখ: ১১ মাঘ ১৪২৮
২৫ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
৩) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
৫) সহকারী পরিচালক, প্রশাসন ও তথ্য শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৬) সহকারী কারা মহাপরিদর্শক, সহকারী কারা মহাপরিদর্শক ( প্রশাসন ), কারা অধিদপ্তর

২৫-১-২০২২
মোঃ আবদুল কাদির
উপসচিব

| কারা অধিদপ্তর | | |
|---|---|---|
| অতিঃ কা ম প | | □ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন |
| কা উ ম প (সদর) | | □ পরীক্ষান্তে উপস্থাপন করুন |
| স কা ম প (প্রশাঃ) | | □ প্রয়োজনীয় ব্যবস্থা নিন<br>□ আলোচনা করুন |

কারা অধিদপ্তর, ঢাকা

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.০৭.০০১.২০২২-৪৪ (৩২) তারিখ: ১২ মাঘ ১৪২৮
২৫ জানুয়ারি ২০২২

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-৩ শাখার স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০১৪.০৯.০০৬.১৯-৩০ তারিখ: ২৫/০১/২০২২ (সংযুক্ত: একাদশ জাতীয় সংসদের 'স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির' ১৯তম বৈঠকের কার্যবিবরণীর ছায়ালিপি) অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ। **সংযুক্তিসহ বিবেচ্যপত্রের অনুলিপির হার্ডকপি তার অধীনস্থ সকল কেন্দ্রীয়/জেলা কারাগারে প্রেরণ করে কার্যবিবরণীর ১১.১ নং সিদ্ধান্তের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: যথাসময়ে বাস্তবায়ন অগ্রগতি কারা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।**
২. সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, (সকল), কেন্দ্রীয়/জেলা কারাগার(ই-মেইলযোগে),
৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৪. পরিচালক ইনচার্জ কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্ত, ঢাকা;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা;
৬. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
৭. শাখা প্রধান, প্রশাসন/আইন/সংস্থাপন-২/পরিসংখ্যান শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য এবং
৯. গার্ড ফাইল।

২৫/১/২২
মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
**পক্ষে-কারা মহাপরিদর্শক**
**ফোন: ৪৭১০০২২২ (দপ্তর)**

| স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>জননিরাপত্তা বিভাগ<br>সিনিয়র সচিবের দপ্তর | ডায়েরি নম্বর ঃ<br>তারিখ ঃ |
|---|---|
| অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) | ☐ জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন |
| অতিরিক্ত সচিব (পুলিশ) | ☐ জরুরী উপস্থাপন করুন |
| অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত) | ☐ পুনঃস্থাপনে উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) | |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | সিনিয়র সচিব |

সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর
ডায়েরী নং ...220...
তাং ...24/5/12-22...

অতি জরুরী
বিশেষ বাহক মারফত

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি,শাখা-২১
www.parliament.gov.bd

নং-১১.০০.০০০০.৭২১.৭৭.০০২.২১.০৭

তারিখ : ০৬ মাঘ ১৪২৮ / ২০ জানুয়ারি ২০২২।

বিষয়: স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৯তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ।

একাদশ জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৩ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত ১৯তম বৈঠকের ০১ (এক) সেট কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

AO
28/01/2022

(এ.বি.এম বিল্লাল হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮১৭১২৫৬ (অফিস)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

বিতরণ:

| ক্রমিক নং | নাম, পদবি ও নির্বাচনী এলাকা |
|---|---|
| ১. | জনাব মোঃ শামসুল হক টুকু (৬৮ পাবনা-১), সভাপতি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। |
| ২. | জনাব আসাদুজ্জামান খান (১৮৫ ঢাকা-১২), মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। |
| ৩. | জনাব মোঃ আফছারুল আমীন (২৮৭ চট্টগ্রাম-১০), সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। |
| ৪. | জনাব মোঃ হাবিবর রহমান (৪০ বগুড়া-৫), সদস্য , স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। |
| ৫. | জনাব সামছুল আলম দুদু (৩৪ জয়পুরহাট-১), সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। । |
| ৬. | জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা (২৯৮ খাগড়াছড়ি), সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। |
| ৭. | জনাব পীর ফজলুর রহমান (২২৭ সুনামগঞ্জ-৪), সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। |
| ৮. | জনাব নূর মোহাম্মদ (১৬৩ কিশোরগঞ্জ-২), সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। । |
| ৯. | জনাব সুলতান মোহাম্মদ মনসুর আহমদ (২৩৬ মৌলভীবাজার-২), সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। |
| ১০. | বেগম রুমানা আলী (৩১৪ মহিলা আসন-১৪), সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। |
| ১১. | সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ১২. | সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

নং-১১.০০.০০০০.৭২১.৭৭.০০২.২১.০৭

তারিখ : ০৬ মাঘ ১৪২৮ / ২০ জানুয়ারি ২০২২।

সদয় জ্ঞাতার্থে:

১. মাননীয় সভাপতির একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সিএস) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৪. উপ-সচিব (এফ.ও.সি) ও কমিটি সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

A/O
25-01-2022

(এ.বি.এম বিল্লাল হোসেন)
সিনিয়র সহকারী সচিব

229
25/01/22

-০৬

গোপনীয়

# বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
## কমিটি শাখা ২১

বিষয় ঃ একাদশ জাতীয় সংসদের 'স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ১৯তম বৈঠকের কার্যবিবরণী।

তারিখ ঃ ২৩ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ (০৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ)।

সময় ঃ বৃহস্পতিবার, বিকাল ০৩-০০ ঘটিকা।

স্থান ঃ জাতীয় সংসদ ভবনের পশ্চিম ব্লকের ২য় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষ।

সভাপতি ঃ জনাব মোঃ শামসুল হক টুকু (৬৮ পাবনা-১)।

০২। বৈঠকে কমিটির নিম্নোক্ত মাননীয় সদস্যগণ উপস্থিত ছিলেন ঃ

| ক্রমিক নং | নাম | পদবি | নির্বাচনী এলাকা |
|---|---|---|---|
| ০১। | জনাব আসাদুজ্জামান খাঁন | সদস্য | ১৮৫ ঢাকা-১২ |
| ০২। | জনাব সুলতান মোহাম্মদ মনসুর আহমদ | সদস্য | ২৩৬ মৌলভীবাজার-২ |

০৩। বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব ও জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব, পুলিশ মহাপরিদর্শক এবং দুই বিভাগের অধীনস্থ সংস্থা প্রধানগণসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

০৪। কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের উপ-সচিব (এফ.ও.সি) ও কমিটি সচিব জনাব মোঃ ফয়সাল মোর্শেদ, সিনিয়র সহকারী সচিব জনাব এবিএম. বিল্লাল হোসেন, সহকারী পরিচালক (রিপোর্টিং) জনাব মোহাম্মদ হাছান, সহকারী পরিচালক (গণসংযোগ) মিসেস মৌমিতা নুসরাত রুমা ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

০৫। সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বৈঠকের কার্যক্রম শুরু করেন। বৈঠকের শুরুতেই তিনি বলেন, বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও মুজিব জন্মশতবার্ষিকী এই মাসে পালন করা হয়েছে। বিশ্বনেতৃবৃন্দের উপস্থিতিতে খুব সুন্দর ও জাকজমকপূর্ণভাবে অনুষ্ঠান পালিত হওয়ায় কমিটির পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক বিগত ১৮তম বৈঠকের কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

০৬। <u>আলোচ্যসূচী ০২(ক) ঃ ১৮তম বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা।</u>

৬.১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব বলেন, বিগত ১৮তম বৈঠকে কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ছিল। দেশের সকল স্কুল ও কলেজের গেইটের সামনে কোনো স্থায়ী/অস্থায়ী দোকান না রাখার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে পত্র দেয়া হয়েছে। পুলিশে কর্মরত সদস্যদের নিয়মিত ডোপ টেস্ট অব্যাহত রয়েছে এবং ভবিষ্যতে সারা দেশের পূজামন্ডপ ও অন্যান্য ধর্মীয় অনুষ্ঠানগুলোতে পুলিশ বাহিনীর পাশাপাশি আনসার ও ভিডিপি বাহিনীকে সতর্ক প্রহরায় রাখার নির্দেশনা দেয়া হয়েছে বলেও তিনি জানান। তিনি বলেন, ঢাকা শহরের আশেপাশে টঙ্গীর মতো আরো কয়েকটি ভবঘুরে পুর্নবাসন ও আশ্রয়কেন্দ্র নির্মাণের বিষয়ে সমাজ কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

৬.২। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব বলেন, সারাদেশের বিভাগীয় শহরে ৪টি নিরাময় কেন্দ্র আছে। বর্তমানে ঢাকাস্থ কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ৯০টি সাধারণ শয্যা, ১০টি শিশু শয্যা এবং ২৪টি নারী শয্যাসহ মোট ১২৪টি শয্যা চালু রয়েছে। "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র আধুনিকীকরণ ও সম্প্রসারণ" নামে ২৫০ শয্যাবিশিষ্ট প্রায় ১৬৩ কোটি টাকার একটি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া "৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যাবিশিষ্ট মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ" নামে প্রায় ৮৩৪ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। পিইসি সভার আলোকে ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে বলেও তিনি জানান। তিনি আরও বলেন, ৫% এর নিচে এ্যালকোহলযুক্ত সকল পানীয় বোতল/ক্যানে (হান্টার, গিয়ার ও বিয়ারসহ) দৃশ্যমান করে এ্যালকোহলের পরিমাণ উল্লেখ থাকার বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর একটি সভার আয়োজন করে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত-২০২০) অনুযায়ী এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে বলেও তিনি জানান।

০৭। <u>আলোচ্যসূচী ০২(গ) ঃ তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বাংলাদেশ এর সার্বিক কার্যক্রমের উপর প্রতিবেদন উপস্থাপন এবং আলোচনা।</u>

৭.১। জনাব এম, সানাউল হক, সমন্বয়ক, তদন্ত সংস্থা বলেন, দেশি-বিদেশি বিশেষজ্ঞদের মতামত নিয়ে মানবতা বিরোধী অপরাধ বিচারের জন্য ১৯৭৩ সালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন প্রণয়ন করেন। ২০১০ সালের ২৫ মার্চ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করা হয় এবং ২০ জন তদন্তকারী কর্মকর্তা ও প্রয়োজনীয় লজিস্টিকস্ সাপোর্ট নিয়ে কার্যক্রম শুরু করে। বর্তমানে তদন্ত সংস্থার জনবল সংকট রয়েছে এবং

মৃত্যু ও অবসরজনিত কারণে প্রায় ০৯টি পদ শূণ্য রয়েছে। তিনি বলেন, ২৭৮২ জনের বিরুদ্ধে অভিযোগ নিয়ে ৮০টি মামলার কার্যক্রম শুরু করে। ৭১ জনের বিরুদ্ধে প্রাণদন্ডাদেশ, ২৮ জনের বিরুদ্ধে আমৃত্যু কারাদন্ডাদেশ এবং ৬ জনের মৃত্যুদন্ড রায় কার্যকর করা হয়েছে। তিনি কার্যপত্রের আলোকে মামলার পরিসংখ্যানের একটি প্রতিবেদন কমিটিতে উপস্থাপন করেন।

৭.২। সভাপতি বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পরিচালনার মাধ্যমে আজ বঙ্গবন্ধুর খুনিদের বিচারকার্য হয়েছে। তিনি বলেন, মামলার পরিসংখ্যান অনুযায়ী বিচারাধীন মামলায় সাক্ষী গ্রহণ করা হয়েছে কিনা এবং সাক্ষ্য প্রমাণ কি পর্যায়ে আছে জানতে চান। মাননীয় প্রধানমন্ত্রীর সহযোগিতায় এই সংস্থা পরিচালিত হচ্ছে বিধায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

০৮। <u>আলোচ্যসূচী ০২(ঘ) ঃ চলমান কোভিড-১৯ পরিস্থিতি (করোনা ভাইরাস) ও দেশের সমসাময়িক পরিস্থিতির উপর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা ও সেবা বিভাগ এবং অন্যান্য সংস্থা সমূহের গৃহীত সার্বিক কার্যক্রমের উপর প্রতিবেদন উপস্থাপন এবং আলোচনা।</u>

৮.১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব বলেন, চলমান কোভিড-১৯ পরিস্থিতি (করোনা ভাইরাস) মোকাবেলায় জননিরাপত্তা বিভাগ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে যাচ্ছে। তিনি কার্যপত্রের আলোকে করোনা মোকাবেলায় বিভিন্ন পদক্ষেপের বিস্তারিত বর্ণনা কমিটিতে উপস্থাপন করেন। বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন কেউ করোনায় আক্রান্ত হয়নি এবং বুস্টার ডোজ নেয়ার প্রক্রিয়া চলছে বলেও তিনি জানান।

০৯। **আলোচ্যসূচী ০২(ঙ) ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির প্রথম রিপোর্ট সংসদে উপস্থাপনের অনুমোদন বিষয়ে আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ।**

৯.১। সভাপতি কর্তৃক নির্দেশিত হয়ে কমিটির সচিব খসড়া রিপোর্টটি বৈঠকে উপস্থাপন করলে কমিটি কর্তৃক রিপোর্টটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং আসন্ন বৈঠকে উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

১০। <u>আলোচ্যসূচী ০২(চ) ঃ বিবিধ আলোচনা।</u>

১০.১। মাননীয় সদস্য জনাব সুলতান মোহাম্মদ মনসুর আহমদ বক্তব্যের শুরুতে সবাইকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, সামাজিক মূল্যবোধ ও পরিবেশ সুন্দর রাখার বিষয়ে সবার মনোযোগি হওয়া উচিত। ইস্টার্ণ হাউজিং, রমনা পার্ক, বেইলী রোডসহ ভিআইপি এলাকাগুলোতে আইনশৃংখলা পরিস্থিতির দিন দিন অবনতি হচ্ছে। বিশেষ করে রাতের বেলায় ছিনতাই, চুরি-ডাকাতি ও অবৈধ লোকের আনাগোনা বেড়ে গেছে। পূজামন্ডপগুলোর নিরাপত্তা জোরদার করার জন্য গ্রামভিত্তিক আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীকে আরো সতর্ক রাখার অনুরোধ করেন। কুমিল্লার পূজামন্ডপে কীভাবে পবিত্র কোরআন শরীফ এলো তা জনগণকে জানানো

উচিত। এ সম্পর্কে কমিটিকে অবহিত করলে আরও ভাল হয়। তিনি বলেন, স্থানীয় নির্বাচনে মৃত্যুর হার বেড়ে যাচ্ছে যা কাম্য নয়। এ রকম আগে কখনো ঘটেনি। এখন কেন ঘটছে? এ ব্যাপারে র‍্যাব ও পুলিশ বিভাগ পর্যালোচনা করে কমিটিকে অবহিত করা সমীচীন। জাতির জনক বঙ্গবন্ধু এই দেশকে দক্ষিণ-এশিয়ার সুইজারল্যান্ড হিসেবে গড়ে তুলতে চেয়েছিলেন। সে লক্ষ্যে সকলের সহযোগিতার মনোভাব নিয়ে কাজ করা উচিত।

১০.২। মাননীয় মন্ত্রী বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এর মাধ্যমে তদন্ত সংস্থার কার্যক্রম সঠিকভাবে পরিচালনায় মামলার সংখ্যা কমে আসছে। মহান মুক্তিযুদ্ধের সময় মানবতার বিরুদ্ধে যারা অপরাধ করেছে, সে সব অপরাধিদের খুঁজে বের করা এবং বঙ্গবন্ধুর খুনিদের (দন্ডপ্রাপ্ত আসামীদের) যারা বিদেশে আত্মগোপন করে আছে, তাদের এনে দন্ড কার্যকর করার প্রক্রিয়া চলমান আছে। আইজিপি মহোদয়ের সহযোগিতা নিয়ে তদন্ত সংস্থাকে মানবতা বিরোধী অপরাধের বিচার দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। কুমিল্লার পূজামন্ডপের ঘটনা সর্বোচ্চ শক্তি প্রয়োগ করে তদন্ত কাজ সম্পন্ন করে অপরাধী সনাক্ত করা হয়েছে বলেও তিনি জানান। বিভিন্ন পূজামন্ডপে অগ্নিসংযোগ থেকে শুরু করে সভা সমাবেশ একটি ষড়যন্ত্রের অংশ ছিল। নিরাপত্তা বাহিনী সবসময় সতর্ক ছিল এবং যে কোন ষড়যন্ত্র মোকাবেলা করতে প্রস্তুত রয়েছে বলে তিনি মনে করেন। তিনি আরও বলেন, মায়ানমার সীমান্তবর্তী সেন্টমার্টিনে কমিটির আগামী বৈঠক করা যেতে পারে এবং বিজিবি ও কোস্ট গার্ড যৌথভাবে সর্বদা প্রস্তুত রয়েছে। তবে, সেখানে বৈঠক করতে গেলে ১৫/২০ দিন আগে থেকেই প্রস্তুতি গ্রহণ করতে হবে। তার চেয়ে বরং কক্সবাজারে কমিটির একটি বৈঠক করে পার্শ্ববর্তী সেন্টমার্টিন, রোহিঙ্গা ক্যাম্প এবং সীমান্তবর্তী এলাকাগুলো পরিদর্শন করার জন্য একটি সফরসূচি তৈরি করা যেতে পারে। তাছাড়া উত্তরাঞ্চলের সীমান্তবর্তী জেলাগুলোতেও পর্যায়ক্রমে কমিটির বৈঠক করা উচিত বলে তিনি মনে করেন।

১০.৩। সভাপতি বলেন, পূজামন্ডপ, স্থানীয় নির্বাচনে সহিংসতা ইত্যাদি বিবেচনায় আইন শৃংখলা বাহিনীকে আরও সতর্ক হতে হবে। স্থানীয় নির্বাচনে মৃত্যুর ঘটনা দুঃখজনক। মাদকের বিরুদ্ধেও আরো কঠোর হওয়া উচিত বলে তিনি মনে করেন। মাদকের বিরুদ্ধে সাড়াশি অভিযান পরিচালনা এবং ডোপটেস্ট অব্যাহত রাখতে হবে। দলমত নির্বিশেষে আইন শৃংখলা বাহিনীর সদস্য এমনকি সরকারী কর্মকর্তাদেরও ডোপটেস্টের আওতায় নিয়ে আসা উচিত বলে তিনি মনে করেন। বিভিন্ন পত্র-পত্রিকায় আইন শৃংখলা বাহিনীর সদস্যদের অপরাধকর্ম সংগঠনের খবর প্রকাশিত হচ্ছে, এ ব্যাপারে সতর্কতা অবলম্বনের জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরও বলেন, বিগত ৯ ডিসেম্বর ২০২১ তারিখে সেন্টমার্টিনে ১৯তম বৈঠক করার কথা ছিল। বৈঠকের উদ্দেশ্য ছিল মায়ানমার সীমান্তবর্তী এলাকার আইন শৃংখলা বাহিনীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা। বিভিন্ন পারিপার্শিক

কারণে তা হয়নি। এ ব্যাপারে মাননীয় মন্ত্রীর সুস্পষ্ট দিক-নির্দেশনা এবং পরামর্শ মোতাবেক আগামী বৈঠকটি কক্সবাজার জেলায় অনুষ্ঠিত হওয়া এবং সেন্টমার্টিন, রোহিঙ্গা ক্যাম্প এবং সীমান্তবর্তী এলাকাগুলো পরিদর্শন করার বিষয়ে মন্ত্রণালয় থেকে একটি দিনক্ষণ নির্ধারণ করে দিলে সংসদ সচিবালয় থেকে মাননীয় স্পীকারের অনুমোদন নিয়ে সফরসূচির তৈরী করা সহজ হবে। সভাপতি, ২০২১ সালের শেষ বৈঠকে সবাইকে নতুন বছরের অগ্রিম শুভেচ্ছা জানান। মাননীয় মন্ত্রী শত ব্যস্ততার মাঝেও প্রতিটি বৈঠকে উপস্থিত থেকে কমিটির কাজকে সমৃদ্ধ এবং অর্থবহ করেছেন, এজন্য কমিটির পক্ষ থেকে তাঁকে অভিনন্দন ও কৃতজ্ঞতা জানানো হয়।

১১। বৈঠকে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১১.১) সকল স্তরে ডোপটেস্ট অব্যাহত রাখার সুপারিশ গ্রহন করা হয়;

১১.২) কমিটির আগামী ২০তম বৈঠক কক্সবাজার জেলায় অনুষ্ঠান করার সুপারিশ গ্রহন করা হয়;

১১.৩) মন্ত্রণালয় কর্তৃক কমিটির আগামী ২০ তম বৈঠকের দিন-তারিখ নির্ধারণ করে সংসদ সচিবালয়ে অবহিতকরণ এবং বিজিবি ও কোস্ট গার্ডকে সেন্টমার্টিন, মায়ানমার সীমান্তবর্তী এলাকা ও রোহিঙ্গা ক্যাম্প সরেজমিনে পরিদর্শণ করার লক্ষ্যে সংসদীয় কমিটিকে যৌথভাবে সার্বিক সহযোগিতা করার সুপারিশ করা হয় ;

১১.৪) কমিটির পরবর্তী বৈঠকগুলো সংসদ ভবনে অনুষ্ঠিত হওয়ার পাশাপাশি পর্যায়ক্রমে উত্তরাঞ্চলের সীমান্তবর্তী জেলাতে অনুষ্ঠানের সুপারিশ গ্রহন করা হয়;

১১.৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির প্রথম রিপোর্ট কমিটি কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদন লাভ করে এবং রিপোর্টটি জাতীয় সংসদের আসন্ন (২০২২ সালের প্রথম) অধিবেশনে মুদ্রণ করে উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহন করা হয়।

১১। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বিকাল ৪.৩০ ঘটিকায় বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শামসুল হক টুকু)
সভাপতি
স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ।